# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৩০/২০১৮-১৯**

**ঢাকা, বৃহস্পতিবার ৯ আগস্ট ২০১৮, ২৫ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সরকার দৃঢ়প্রতিজ্ঞ : রাষ্ট্রপতি

২। বঙ্গমাতার পরামর্শ জাতির পিতাকে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করেছে
শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৮৮তম জন্মবার্ষিকীতে প্রধানমন্ত্রী

৩। রাজনীতিতে বঙ্গমাতার ভূমিকা অনুসরণীয় : আলোচনাসভায় স্পিকার

৪। ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ১১ ক্রয়প্রস্তাব অনুমোদন

৫। চলতি অর্থবছর ৪৪ বিলিয়ন মার্কিন ডলারের রফতানি লক্ষ্যমাত্রা নির্ধারণ : বাণিজ্যমন্ত্রী

৬। সরকারি মেডিকেল কলেজে ৫০০ আসন বাড়ছে : স্বাস্থ্যমন্ত্রী

৭। মুক্তিযোদ্ধাদের জন্য বছরে তিনটি উৎসব ভাতা : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

৮। ভবিষ্যৎ প্রজন্মের জন্য কমনওয়েলথ খুবই শক্তিশালী একটি প্ল্যাটফর্ম : পররাষ্ট্রমন্ত্রী
তিনদিনের সফরে ঢাকায় কমনওয়েলথ মহাসচিব

৯। বাংলাদেশ আসিয়ান ও সার্কভুক্ত দেশগুলোর মাঝে সম্পর্কের সেতু হতে পারে : পরিকল্পনামন্ত্রী

১০। সাংবাদিক আহাদকে দেখতে হাসপাতালে তথ্যমন্ত্রী
সাংবাদিকদের ওপর হামলা অত্যন্ত দুঃখজনক

১১। চলতি মাসেই আমদানি করা গ্যাস এলএনজি জাতীয় গ্রিডে যোগ হবে
সংবাদ সম্মেলনে জ্বালানি প্রতিমন্ত্রী

১২। ডিজিটাল সরকারে বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায়
'তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক

চলমান পাতা-২

**১। সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সরকার দৃঢ়প্রতিজ্ঞ : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সব ধর্মের মানুষের মধ্যে অসাম্প্রদায়িক চেতনা ছড়িয়ে দেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সরকার দৃঢ়প্রতিজ্ঞ। ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমানের নেতৃত্বে বাংলাদেশ হিন্দু কল্যাণ ট্রাস্টের একটি প্রতিনিধিদল গতকাল (৮ আগস্ট বুধবার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১)।

**২। বঙ্গমাতার পরামর্শ জাতির পিতাকে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করেছে**
**শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৮৮তম জন্মবার্ষিকীতে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযুদ্ধে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের অবদানের কথা স্মরণ করে বলেছেন, দেশের স্বাধীনতা অর্জনসহ জাতির অনেক গুরুত্বপূর্ণ সময়ে বঙ্গমাতার পরামর্শ জাতির পিতাকে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করেছে। বঙ্গবন্ধুর জন্য প্রেরণা, শক্তি এবং সাহসের এক উৎস ছিলেন বঙ্গমাতা। স্বামীর সকল সিদ্ধান্তে মনস্তাত্ত্বিক সহযোগিতা প্রদান করেন তিনি। গতকাল (৮ আগস্ট বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী আরো বলেন, স্বাধীনতা সংগ্রামের নেতৃত্বে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সফলতার পেছনে শেখ ফজিলাতুন নেছার অনবদ্য অবদান ছিল। যেকোনো ক্রাইসিসে বঙ্গমাতার সিদ্ধান্ত দেওয়ার অতুলনীয় ক্ষমতা ছিল। সূত্র-**ইত্তেফাক**(পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**৩। রাজনীতিতে বঙ্গমাতার ভূমিকা অনুসরণীয় : আলোচনাসভায় স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের কোনো পদ-পদবি ছিল না। রাজনীতিতে একজন নারীর ভূমিকা কী হতে পারে, সে উদাহরণ তিনিই সৃষ্টি করে গেছেন। সেটি যুগ যুগ ধরে সব নারীর জন্য অনুসরণীয় হয়ে থাকবে। কাজেই এ মহান নারীর আদর্শকে আমাদের আরও বিশ্লেষণ করতে হবে। রাজনৈতিক দূরদর্শিতা, প্রজ্ঞা, রাজনৈতিক কর্মী হিসেবে সক্রিয় ভূমিকা এবং একত্রে কাজ করার যে দুর্লভ দৃষ্টান্ত তিনি রেখে গেছেন, সেখান থেকে আমাদের অবশ্যই শিক্ষা নিতে হবে, অনুপ্রেরণা নিতে হবে। গতকাল (৮ আগস্ট বুধবার) জাতীয় প্রেসক্লাবে 'বাঙালির মুক্তি সংগ্রামে ফজিলাতুন নেছা মুজিব' শীর্ষক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। বঙ্গমাতার ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করে উইমেন জার্নালিস্ট নেটওয়ার্ক বাংলাদেশ। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৩), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১০,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**৪। ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ১১ ক্রয়প্রস্তাব অনুমোদন**

পুরান ঢাকায় টিকাটুলির হৃষিকেশ রোডে অবস্থিত ঐতিহাসিক রোজ গার্ডেন কিনে নেওয়ার প্রস্তাবসহ মোট **১১**টি ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (৮ আগস্ট বুধবার) সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ক্রয়প্রস্তাবগুলোর অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **আমাদের অর্থনীতি** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫)।

**৫। চলতি অর্থবছর ৪৪ বিলিয়ন মার্কিন ডলারের রফতানি লক্ষ্যমাত্রা নির্ধারণ : বাণিজ্যমন্ত্রী**

চলতি ২০১৮-১৯ অর্থবছরের জন্য ৪৪ বিলিয়ন মার্কিন ডলারের নতুন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে পণ্য রফতানিখাত থেকে ৩৯ বিলিয়ন এবং সেবাখাতে ৫ বিলিয়ন মার্কিন ডলার আয়ের রফতানি লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে নির্ধারিত এ লক্ষ্যমাত্রায় মোট প্রবৃদ্ধি ধরা হয়েছে ৬ দশমিক ৪৭ ভাগ। গতকাল (৮ আগস্ট বুধবার) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ নতুন অর্থবছরের জন্য এ রফতানি লক্ষ্যমাত্রা নির্ধারণের ঘোষণা দেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **বণিক বার্তা** (পৃ.১২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

**৬। সরকারি মেডিকেল কলেজে ৫০০ আসন বাড়ছে : স্বাস্থ্যমন্ত্রী**

এমবিবিএস কোর্সে ভর্তির জন্য আগামী ২০১৮-১৯ শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল কলেজে ৫০০ আসন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর ফলে দেশের ৩১টি সরকারি মেডিকেল কলেজের মোট আসন বেড়ে দাঁড়াচ্ছে তিন হাজার ৮১৮টিতে। গতকাল (৮ আগস্ট বুধবার) সচিবালয়ে আসনসংখ্যা বৃদ্ধিসংক্রান্ত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **নিউ এজ** (পৃ.১২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৬)।

**৭। মুক্তিযোদ্ধাদের জন্য বছরে তিনটি উৎসব ভাতা : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযোদ্ধারা বছরে তিনটি উৎসব ভাতা পাবেন উল্লেখ করে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, ১৬ ডিসেম্বর বিজয় দিবস, ২৬ মার্চ স্বাধীনতা দিবস ও বাংলা নববর্ষ-এসব উৎসবে ভাতা দেওয়া হবে তাঁদের। গতকাল (৮ আগস্ট বুধবার) বগুড়ায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রতিটি বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ এবং একাত্তরে যেসব স্থানে সম্মুখযুদ্ধ হয়েছে সেসব স্থানে স্মৃতিস্তম্ভ নির্মাণের কথাও জানান মন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮)।

**৮। ভবিষ্যৎ প্রজন্মের জন্য কমনওয়েলথ খুবই শক্তিশালী একটি প্ল্যাটফর্ম : পররাষ্ট্রমন্ত্রী**
**তিনদিনের সফরে ঢাকায় কমনওয়েলথ মহাসচিব**

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, ভবিষ্যৎ প্রজন্মের জন্য কমনওয়েলথ খুবই শক্তিশালী একটি প্ল্যাটফর্ম। তবে কমনওয়েলথকে শক্তিশালী করতে হলে এ সংস্থাকে অবশ্যই প্রয়োজনীয় সংস্কার করতে হবে। গতকাল (৮ আগস্ট বুধবার) বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ আয়োজিত ‘কমনওয়েলথের সুবিধা: অগ্রগতি ও সম্ভাবনা’ শীর্ষক এক সেমিনারে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে বাংলাদেশে সফররত কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড বলেছেন, কমনওয়েলথের জন্য এখন রোহিঙ্গা ইস্যুটি খুবই গুরুত্বপূর্ণ। এত মানুষকে মানবিক সহায়তা দিয়ে বাংলাদেশ অবশ্যই প্রশংসার কাজ করেছে। রোহিঙ্গাদের সাহায্যে ও সমস্যার সুষ্ঠু সমাধানে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)।

**৯। বাংলাদেশ আসিয়ান ও সার্কভুক্ত দেশগুলোর মাঝে সম্পর্কের সেতু হতে পারে : পরিকল্পনামন্ত্রী**

দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের দেশগুলো শান্তি, নিরাপত্তা এবং অর্থনৈতিক অগ্রগতিতে হাতে হাত ধরে চলবে বলে মন্তব্য করেছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (৮ আগস্ট বুধবার) দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের দেশগুলো নিয়ে গঠিত জোট আসিয়ান এর ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত পতাকা উত্তোলন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। ঢাকাস্থ ইন্দোনেশিয়ার দূতাবাসে ঢাকা আসিয়ান কমিটি (ডাক) এ অনুষ্ঠানের আয়োজন করে। মন্ত্রী বলেন, দক্ষিণ-পূর্ব এশিয়ার রাষ্ট্রগুলো নিয়ে গঠিত রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্থা আসিয়ানের প্রবেশদ্বার থাইল্যান্ড। ওদিকে দক্ষিণ এশিয়ার দেশগুলোর সংস্থা সার্কের শেষ সীমান্তে রয়েছে বাংলাদেশ। তাই বাংলাদেশ আসিয়ান ও সার্কভুক্ত দেশগুলোর মাঝে সম্পর্কের সেতু হতে পারে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.১)।

**১০। সাংবাদিক আহাদকে দেখতে হাসপাতালে তথ্যমন্ত্রী**
**সাংবাদিকদের ওপর হামলা অত্যন্ত দুঃখজনক**

নিরাপদ সড়কের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনের খবর সংগ্রহকালে দুর্বৃত্তদের হামলায় আহত অ্যাসোসিয়েটেড প্রেসের সাংবাদিক এ এম আহাদের চিকিৎসার খোঁজখবর নিতে গতকাল (৮ আগস্ট বুধবার) হাসপাতালে যান তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। রাজধানীর গুলশানে ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন আহাদের পাশে তথ্যমন্ত্রী খানিকটা সময় কাটান এবং দায়িত্বরত চিকিৎসকদের সাথে কথা বলেন। হাসপাতালের লবিতে সাংবাদিকদের সাথে আলাপকালে তথ্যমন্ত্রী আরো বলেন, নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনের শেষদিকে সাংবাদিকদের ওপর যে হামলা হয়েছে, তা অত্যন্ত দুঃখজনক। হামলাকারীদের চিহ্নিত করার জন্য এবং তাদের

বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নিতে গত মঙ্গলবার স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধপত্র দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮)।

**১১। চলতি মাসেই আমদানি করা গ্যাস এলএনজি জাতীয় গ্রিডে যোগ হবে**
**সংবাদ সম্মেলনে জ্বালানি প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, চলতি মাসেই আমদানি করা গ্যাস এলএনজি জাতীয় গ্রিডে যোগ হবে। তিনি গ্রাহকদের আশ্বস্ত করেন যে, গ্যাসের দাম বাড়লেও সহনীয় পর্যায়ে থাকবে। গতকাল (৮ আগস্ট বুধবার) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি আরও বলেন, বিইআরসি দাম বাড়ানোর দায়িত্বে। সরকার আশা করে, দাম এমনভাবে বাড়ানো হবে, যাতে গ্রাহকের ওপর চাপ সৃষ্টি না হয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **ইনকিলাব** (শেষপৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

**১২। ডিজিটাল সরকারে বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায়**
**তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক**

যুক্তরাজ্যভিত্তিক বৈশ্বিক নীতি নির্ধারণী সংস্থা 'অ্যাপলিটিক্যাল' গতকাল (৮ আগস্ট বুধবার) ডিজিটাল সরকারে বিশ্বের সবচেয়ে প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকা প্রকাশ করেছে। এ তালিকায় স্থান পেয়েছেন বাংলাদেশের তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গতকাল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এ তথ্য নিশ্চিত করেছে। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** শিক্ষাক্ষেত্রে ডিজিটালাইজেশনের অংশ হিসেবে মাল্টিমিডিয়া ক্লাসরুম বৈপ্লবিক পরিবর্তন এনেছে উল্লেখ করে বিভিন্ন স্কুল-কলেজ ও মাদ্রাসায় সঠিকভাবে মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহারের আহ্বান।

**খ.** **সমকাল :** শিমুলিয়া-কাঁঠালবাড়ী নৌরুটের লৌহজং টার্নিং পয়েন্টে ২২টি যান বোঝাই ফেরি রানীক্ষেতের তলা ফেটে গিয়ে ফুটো দিয়ে পানি ওঠে ডুবে যাওয়ার উপক্রম হয় উল্লেখ করে এ পথে চলাচলকারী জরাজীর্ণ ফেরিগুলো মেরামতের সুপারিশ।

**গ.** **প্রথম আলো :** সাগরে দুর্বৃত্ত, অনুপ্রবেশকারী ও জলদস্যুদের দৌরাত্ম্য বেড়েই চলেছে উল্লেখ করে এ ব্যাপারে কোস্টগার্ডবাহিনীকে নজর দেওয়ার সুপারিশ।

**ঘ.** **যায়যায়দিন :** রাজধানীর বিভিন্ন অঞ্চলে ২ লাখ প্রি-প্রেইড বিদ্যুৎ মিটার বসানোর জন্য আলাদা প্রকল্প নেওয়া হয়েছে উল্লেখ করে এ প্রকল্পগুলোর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **বণিক বার্তা** : দেশের শিল্পখাত দীর্ঘমেয়াদি গ্যাস সংকটে ভুগছে উল্লেখ করে শিল্পায়ন ত্বরান্বিত করতে গ্যাস সংকটের স্থায়ী সমাধান জরুরি বলে মতপ্রকাশ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট** : রাস্তার দুই পাশে বনায়নে আকাশিয়া ও ইউক্যালিপটাস গাছের পরিবর্তে আম, কাঁঠাল, জাম ও তাল গাছের মতো দেশীয় গাছ লাগানোর ওপর গুরুত্বারোপ ।

**ছ** **অবজারভার, ইন্ডিপেনডেন্ট** : মিয়ানমার ও ভারত সীমান্ত জুড়ে বাংলাদেশ অংশের গভীর সমুদ্রে মজুদ থাকা গ্যাস আহরণের লক্ষ্যে আরো কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

## উপসম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পরীক্ষার জন্য শিক্ষা নয়, শিক্ষার মূল্যায়নের জন্যই পরীক্ষা-এ উপলব্ধি শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী ও নীতিনির্ধারকদের কথায় ও কাজে প্রতিফলিত হতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষার্থী আন্দোলনের মর্মকথা বুঝতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রকৃত মানব উন্নয়নের লক্ষ্যে সুনাগরিকতা চর্চা ও জাতীয় বিকাশের অনুকূল ব্যবস্থা প্রতিষ্ঠাই শিক্ষার্থীদের আন্দোলনের মর্মকথা।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা